

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় প্রশাসনকে দলীয়করণের চক্রান্ত

প্রো-ভিসি পদে জামাতী শিক্ষক মনোনয়নের জোর লবিং

মোতাহার হোসেন : চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে স্বাধীনতাবিরোধী জামাতপন্থী শিক্ষককে 'প্রো-ভিসি' মনোনয়ন দিতে সরকারের উচ্চ পর্যায় জোর লবিং চলছে। ইতিমধ্যে বর্তমান উপাচার্য অধ্যাপক রফিকুল ইসলাম চৌধুরীর প্রত্যক্ষ সহযোগিতায় বিভিন্ন বিভাগে বেশ কিছু জামাত-শিবিরের অপ্রাধিকারিক শিক্ষক কর্মচারি হিসেবে নিয়োগ লাভ করেছে। একটি অসমর্থিত সূত্র জানান, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়কে একান্তরের পরাজিত শত্রু জামাত-শিবির চক্রে নিরাপদ ও স্থায়ী ঘাটি হিসেবে গড়ে তুলতে বিশ্ববিদ্যালয়ের সর্বোচ্চ মহল গভীর ষড়যন্ত্রে লিপ্ত হয়েছে। এ ব্যাপারে সরকারের উচ্চ পর্যায়ের মুক্তিযুদ্ধের পক্ষের কয়েকজন মন্ত্রী, ক্ষমতাসীন দলের স্থানীয় নেতা-কর্মীর অসন্তোষ প্রকাশ সত্ত্বেও অবলীলায় বিশ্ববিদ্যালয়ে এই অপকর্ম সাধিত হয়ে আসছে।

একটি সূত্র মতে, চলতি বছরের ৩০ ডিসেম্বর, বর্তমান প্রো-ভিসি এম বদিউল আলমের মেয়াদকাল শেষ হচ্ছে। আর এ সুযোগে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে জামাতের অন্যতম নেতা '৭১-র যুদ্ধাপরাধী-গোলম আয়মের মুক্তির দাবিতে বিবৃতি দাতা বাণিজ্য অনুষদের ডীন এজেডএম নূরুদ্দিন এবং অর্থনীতি বিভাগের ডঃ মাহফুজুল হক ও বিএনপি'র আওরগে, জামাত প্রতিনিধি সমাজতন্ত্র বিভাগের অধ্যাপক মাহবুব উল্লাহ প্রো-ভিসি হতে জোর লবিং চালাচ্ছে। ইতিমধ্যে- এসব জামাতপন্থী শিক্ষক প্রো-ভিসি পদে নিয়োগ পেতে তৎপরতা দেখে বিশ্ববিদ্যালয় প্রগতিশীল শিক্ষক-কর্মচারিসহ বিভিন্ন ছাত্র সংগঠনে ব্যাপক অসন্তোষ দেখা দিয়েছে। উক্ত তিনজনের মধ্যে যে কোনো একজনকে প্রো-ভিসি পদে মনোনয়ন দিতে জামাত এ নতুন পন্থা অবলম্বন করেছে।

বিশ্ববিদ্যালয়ের একটি সংশ্লিষ্ট সূত্র জানান, স্বাধীনতাবিরোধী জামাত-শিবির মূলত উক্ত বিশ্ববিদ্যালয়ের প্রশাসন বিভিন্ন বিভাগ, হলকে তাদের ঘাঁটিতে রূপান্তর করার ঘূর্ণাতম চক্রান্তে ব্যর্থ হয়েই সাবেক উপাচার্য প্রফেসর আলমগীর মোহাম্মদ সিরাজুদ্দিনের শুধু বিরোধিতাই করেনি তাঁকে পদত্যাগ করতে বাধ্য করে। সূত্র মতে, বর্তমান উপাচার্য রফিকুল ইসলাম চৌধুরীকে ভিসি হিসেবে ষড়যন্ত্রের মাধ্যমে নিয়োগ দিতে জামাত-শিবির তৎপর ছিলো এবং সফলও হয়। এবং এ চক্রটিই বর্তমান ভিসিকে দিয়ে জামাত নেতা ও চবি শিক্ষক জহিরুল হকের মেয়ে শিবির নেত্রীকে সমাজতন্ত্র বিভাগে এবং জামাত নেতা ও চবি শিক্ষক হাফিজুল্লাহ খানের ছেলেকে পরিসংখ্যান বিভাগে শিক্ষক হিসেবে নিয়োগ প্রদান করেছে।